তোমরা মুহাম্মাদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের পরিবারবর্গের মাধ্যমে তাঁর প্রতি সম্মান প্রদর্শন কর।

আবূ বাকার সিদ্দীক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত করেন, তিনি বলেছেন, “তোমরা মুহাম্মাদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের পরিবারবর্গের মাধ্যমে তাঁর প্রতি
সম্মান প্রদর্শন কর।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আবূ বাকার রাদিয়াল্লাহু ‘আনহু আসারে (হাদীস) এ কথা প্রমান করে যে, সাহাবীগণ রাসূলের পরিবারের ইজ্জত, সম্মান ও তাদের অধিকার সম্পর্কে সম্পূর্ণ অবগত ছিলেন। আহলে বাইত থেকে যে ব্যক্তি দীনের ওপর অবিচল থাকবে এবং রাসূলের সুন্নাতের অনুসারী হবে তার জন্য দুটি অধিকার রয়েছে। ইসলামের হক এবং রাসূলের আত্মীয় হওয়ার হক। এতে আরও প্রমান হয় যে, আবূ বাকার ও সাহাবীগণ আহলে বাইতকে মহব্বত করতেন এবং তাদের বিষয়ে ভালো অসিয়ত করতেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3041